কাপ্তাই আল-আমিন দাখিল মাদ্রাসায় বিদায় সংবর্ধনা ও পুরস্কার বিতরণ

কাপ্তাই প্রতিনিধিঃ

কাপ্তাই আল আমিন নুরিয়া দাখিল মাদ্রাসায় দাখিল পরীক্ষার্থীদের বিদায় ও বার্ষিক পুরস্কার বিতরণ মাদ্রাসা পরিচালনা পর্ষদ সভাপতি কাজী সামশুল ইসলাম(আজমীর)’র সভাপতিত্বে বুধবার মাদ্রাসায় অনুষ্ঠিত হয়।

বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংরক্ষিত আসনের সংসদ সদস্য ফিরোজা বেগম চিনু। উদ্বোধনী বক্তব্য রাখেন মাদ্রাসা সুপার আলহাজ্ব মোহাম্মাদ জসীম উদ্দীন নুরী। প্রধান বক্তা ছিলেন জেটিঘাট কাঠ ব্যবসায়ী বহুমুখী সমবায় সমিতি লি. এর সভাপতি মোহাম্মাদ ইব্রাহিম খলিল। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন জেলা পরিষদ সদস্য থোয়াইচিং মং মারমা, ইউপি চেয়ারম্যান প্রকৌশলী আব্দুল লতিফ, জেলা আওয়ামী ওলামালীগ সভাপতি মো. ওসমান গনি চৌধুরী, মাদ্রাসা সাবেক সুপার সৈয়দ আহমদ শুকুর, কাপ্তাই ইসলামিক মিশন প্রোগ্রাম অফিসার মিজানুর রহমান প্রমূখ।

প্রধান অতিথি ফিরোজা বেগম চিনু মাদ্রাসার বিগত চার বছরের ফলাফল শতভাগ পাশ দেখে সন্তোষ প্রকাশ করেন। তিনি মাদ্রাসার তিনতলা ভবন নির্মাণ ও আসবাবপত্র প্রদান করার আশ্বাস দেন। পরে শিক্ষাথীদের বার্ষিক পুরস্কার প্রদান করেন।

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]. [illegible] [illegible]